রাজনারায়ণ। দেখ, এবার মনে করেছি কালীপূজো করব খুব ঘটা করে। দাদা একবার যেমন সাগরদাঁড়িতে করেছিলেন। এক আধটা কালী নয়—১০৮টা কালীর মূর্ত্তি পূজো করেছিলেন দাদা। ১০৮টা মোষ, ১০৮টা ভেড়া, ১০৮টা ছাগল একসঙ্গে বলিদান দেওয়া হয়েছিল। ১০৮টা সোনার জবাফুল অঞ্জলি দেওয়া হয়েছিল মায়ের পায়ে। এই রকম পূজো এবার আমিও করব!

হরকামিনী। বড়ঠাকুর পূজো করেছিলেন কেন?

রাজনারায়ণ। ছেলের কল্যাণের জন্যে!

হরকামিনী নীরবে দাঁড়াইয়া রহিলেন।
রঘু আসিয়া প্রবেশ করিল

রঘু। ডাক্তারবাবু এসেছেন।

রাজনারায়ণ। কে, দুর্গাচরণ? ডেকে নিয়ে এস এখানে। (হরকামিনীকে) তুমি ভেতরে যাও—

হরকামিনী চলিয়া গেলেন। ডাক্তার দুর্গাচরণ বন্দ্যোপাধ্যায় আসিয়া প্রবেশ করিলেন

এস, এস, দুর্গাচরণ—ব'স।

দুর্গাচরণ। কারো অসুখ নাকি?

রাজনারায়ণ। অসুখ ঠিক নয়—একটা পরামর্শের জন্যে তোমাকে ডেকেছি।

দুর্গাচরণ। (উপবেশনান্তে) কি বলুন দেখি?

রাজনারায়ণ। মধু খৃষ্টান হয়ে দেশত্যাগ ক'রে চলে গেছে—বেঁচে আছে কি-না জানি না। থাকলেও—as a son he is no good to me. I want another issue এবং সে উদ্দেশ্যে আমি আরও তিন-তিনবার বিয়ে করেছি—you know it. কিন্তু হচ্ছে না ত কিছুই।

তাগা, মাদুলি, পাদোদক, মানত, সিন্নি—সব রকম হ’য়ে গেছে। কিচ্ছু হয় নি। এখন তোমার medical advice চাই—কি করা উচিত। Shall I marry again ?

দুর্গাচরণ। ( কিছুক্ষণ নীরব থাকিয়া ) না, বিয়ে করা আর উচিত হবে না।

রাজনারায়ণ। হবে না ? কেন ?

দুর্গাচরণ। ( একটু ইতস্তত করিয়া ) খুব সম্ভবত সন্তান না হওয়ার কারণ আপনার মধ্যেই রয়েছে। তা যদি না থাকত তাহলে কোন না কোন স্ত্রীর issue নিশ্চয়ই হত।

রাজনারায়ণ। This is logic—তোমার ডাক্তারি শাস্ত্রে কি বলে?

দুর্গাচরণ। ( হাসিয়া ) Medical science is not illogical !

রাজনারায়ণ। I don't mean that—ডাক্তারি চিকিৎসা করালে কিছু হবে বলতে পার ?

দুর্গাচরণ। খুব সম্ভবত কিছু হবে না। ( একটু ইতস্তত করিয়া ) দেখুন, রাগ যদি না করেন একটা কথা বলি !

রাজনারায়ণ। কি কথা !

দুর্গাচরণ। মদটা ছাড়ুন !

রাজনারায়ণ। তার মানে you want me to give up the only pleasure of my life ! ওটি পারব না ! You may have a peg if you like.

দুর্গাচরণ। No, thanks—( একটু পরে ) বলেন ত আপনার চিকিৎসা সুরু করে দেখি—though I cannot hold out any hope ! বিয়ে কিন্তু আর আপনি করবেন না—কারণ—

রাজনারায়ণ। No moral lectures please.—বিয়ে আর করব না তা ঠিক—তার কারণ, বয়স হয়েচে—রুচিও নেই! সেদিন কে যেন বলছিল—ওহে আর বিয়ে ক'রো না, মরে গেলে অনেকগুলো একসঙ্গে বিধবা হবে! কিন্তু কিছুকাল আগে Bengal Spectator-এ রাম-গোপাল ঘোষ and চক্রবর্ত্তী ফ্যাক্‌সন যে রকম উঠে পড়ে লেগেছিলেন তাতে বিধবারা আর বেশীদিন বেওয়ারিশ পড়ে থাকবে বলে মনে হয় না! তোমাদের মদনমোহন তর্কালঙ্কার আর ঈশ্বরচন্দ্র—I mean বিদ্যাসাগর—এঁরাও ত উঠে পড়ে লেগেছেন।

দুর্গাচরণ। শুনছি ত তাই।

রাজনারায়ণ। ভাল ভাল—I wonder who would be my successors.

দুর্গাচরণ। আমি এবার উঠি তাহলে। ক'জায়গায় যেতে বাকী আছে এখনও—এলোপ্যাথি চিকিৎসা যদি করান খবর পাঠালেই আমি আসব আর একদিন।

রাজনারায়ণ। তোমরা যখন কোন ভরসাই দিচ্ছ না—তখন তোমাদের দিয়ে চিকিৎসা করান বৃথা। তার চেয়ে হকিমের দাবাই করানই ভাল! You people are no good.

দুর্গাচরণ হাসিলেন।

দুর্গাচরণ। আমি আসি তাহলে—Good night!

রাজনারায়ণ। Good night.

দুর্গাচরণ চলিয়া গেলে রাজনারায়ণ তাঁহার প্রস্থানপথের দিকে চাহিয়া কিছুক্ষণ বসিয়া রহিলেন। তাহার পর আপন মনে বলিতে লাগিলেন।

আর আশা নেই—দুর্গাচরণ বাজে কথা বলবার লোক নয়। ছেলে আর হবে না—মধুও আর ফিরবে না—সে হয় ত বেঁচে নেই!

উঠিয়া গিয়া জাহ্নবীর ছবিটার দিকে একদৃষ্টে তাকাইয়া রহিলেন। মধুসূদন পিছনের দ্বার দিয়া সন্তর্পণে আসিয়া প্রবেশ করিলেন। মধুসূদনের পরিধানে সায়েবি পরিচ্ছদ—মুখে চাপদাড়ি। মধুসূদন কিছুক্ষণ নির্ব্বাক হইয়া দাঁড়াইয়া রহিলেন। তাহার পর ধীরে ধীরে ডাকিলেন।

মধু। বাবা!

বিদ্যুৎস্পৃষ্টের মত রাজনারায়ণ ঘুরিয়া দাঁড়াইলেন।

রাজনারায়ণ। কে—কে—who's there!

মধুসূদন আর একটু আগাইয়া গেলেন। রাজনারায়ণ সবিস্ময়ে চাহিয়া রহিলেন—এই চাপদাড়ি-যুবক যে তাঁহার পুত্র মধুসূদন তাহা প্রথমে তিনি বুঝিতে পারিলেন না। কিন্তু ক্ষণপরেই চিনিতে পারিয়া দ্রুতপদে আগাইয়া আসিলেন

মধু—তুই—তুই—তুই এসেছিস! কখন এলি!

মধু। আমি এইমাত্র এসেছি। মায়ের মৃত্যু-সংবাদ পেয়ে এসেছি!

এই কথা শুনিয়া রাজনারায়ণের দৃষ্টি কঠোর হইয়া উঠিল। তিনি দন্তে দন্ত চাপিয়া কিছুক্ষণ স্থির হইয়া দাঁড়াইয়া রহিলেন—তাহার পর ব্যঙ্গ তীক্ষ্ণকণ্ঠে বলিলেন

রাজনারায়ণ। Yes, your heathen mother is dead.

মধু। আমাকে খবর দেন নি কেন?

রাজনারায়ণ। প্রয়োজন মনে করি নি! But that heathen lady talked of you till death stopped her—মরবার পূর্ব্ব মুহূর্ত্ত পর্য্যন্ত তোমার নাম করেছেন—প্রতি মুহূর্ত্তে আশা করেছেন যে তুমি আবার ফিরে আসবে—laugh at her heathen tenacity if you like.

মধু। আমি খ্রীষ্টান হয়েছি, কিন্তু অমানুষ হইনি। আপনি—

রাজনারায়ণ। না, আমি কিছু বলছি না—I am very glad to see you, my boy—ব'স—please take your seat and have a glass of wine if you like.

এক গ্লাস মদ ঢালিয়া মধুর দিকে আগাইয়া দিলেন—কিন্তু মধু তাহা স্পর্শ করিলেন না

হঠাৎ এলে কেন এ সময়! অকস্মাৎ এ অনুগ্রহ!

মধু। (উপবেশন করিয়া) মায়ের মৃত্যুসংবাদ পেয়ে থাকতে পারলাম না—I thought it my duty to come to you—আপনার আর ছেলে হয় নি আমি শুনেছি (সহসা) ওটা কি মায়ের ছবি না কি!

তাড়াতাড়ি উঠিয়া গেলেন ও ছবিখানার দিকে চাহিয়া নিস্পন্দভাবে দাঁড়াইয়া রহিলেন। তাহার পর ধীরে ধীরে জানু পাতিয়া বসিয়া দুই হাতে মুখ ঢাকিয়া মস্তক অবনত করিলেন। রাজনারায়ণ বিস্ফারিত নয়নে ইহা দেখিতে লাগিলেন।

রাজনারায়ণ। উঠে এসো।

মধু ধীরে ধীরে উঠিয়া আসিলেন

কতক্ষণ এসেছ তুমি?

মধু। এখনি—আর কোথাও যাই নি—সোজা এখানেই এসেছি।